# বিআরটিসি সমাচার

## বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন

**Bangladesh Road Transport Corporation**

৭ম সংখ্যা

জুলাই-সেপ্টেম্বর ২০২২ (ত্রৈমাসিক)

প্রকাশকাল : অক্টোবর ২০২২



## সূচিপত্র:


১. বিআরটিসি'র বিভিন্ন দিবস উদযাপন
২. চালকদের সচেতনতামূলক প্রশিক্ষণ প্রদান
৩. প্রিন্ট মিডিয়ায় বিআরটিসি'র সংবাদ
১০. ২০২১-২২ অর্থ বছরে বিআরটিসি'র অর্জন
৫. মন্ত্রী মহোদয়ের দিকনির্দেশনা ও মতবিনিময় সভা
৬. পবিত্র ঈদুল আযহা উপলক্ষ্যে ডিপো পরিদর্শন
৭. প্রাথমিক চিকিৎসার জন্য মেডিকেল সরঞ্জাম সংগ্রহ ও চিকিৎসা সেবা প্রদান
৮. আলোকচিত্রে বিআরটিসি
৯. বাস ও ট্রাক সংক্রান্ত তথ্য
১০. আয়-ব্যয় সংক্রান্ত তথ্য
১১. সিপিএফ ও গ্র্যাচুইটি অর্থ প্রদান সংক্রান্ত তথ্য
১২. সড়ক পরিবহন আইন ২০১৮ অনুযায়ী আরটিএর মামলার তথ্যাদি
১৩. ৪৭তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস
১৪. অগ্নিনির্বাপক সংক্রান্ত প্রশিক্ষণ ও কর্মশালা
১৫. শিক্ষা সহায়তা ও কল্যাণ তহবিলের আর্থিক অনুদান প্রদান
১৬. সিপি ফান্ড হতে ঋণ গ্রহণ সংক্রান্ত
১৭. এপিএ ২০২১-২০২২ অর্থ বছরে বিআরটিসি প্রথম স্থান অর্জন
১৮. বিজয়ী নারী ফুটবল দলকে বিআরটিসির অভ্যর্থনা



**প্রচার ও প্রকাশনায়:**

১. **জনাব মোহম্মাদ সাইদুর রহমান**
জেনারেল ম্যানেজার (প্রশাসন)

২. **জনাব মাহমুদ আহমাদ মারুফ**
ট্রাফিক ইন্সপেক্টর, বিআরটিসি



**যোগাযোগ:**

ফোন নম্বর : ০২-৪১০৫১ ৩৩৭
০২-৪১০৫১ ৩৪৮

মোবাইল : ০১৩২৪ ২৯৩৯ ১৬
০১৩২৪ ২৯৩৯ ০৮

**ই-মেইল:**
chairman@brtc.gov.bd

**ওয়েবসাইট:**
www.brtc.gov.bd

**বিআরটিসি ফেইসবুক:**
https://www.facebook.com/BRTC11/

**বিআরটিসি ভবন**
**২১ রাজউক এভিনিউ, ঢাকা- ১০০০**




**ওবায়দুল কাদের, এমপি**
**মাননীয় মন্ত্রী**
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়

"ক্রমবর্ধমান দক্ষ চালকের চাহিদা পূরণে বিআরটিসিকে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে হবে।"



**এ বি এম আমিন উল্লাহ নুরী**
**সচিব**
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

"জনসেবার ব্রত নিয়ে বিআরটিসিকে 'আদর্শ পরিবহন সংস্থা' হিসেবে কাজ করতে হবে।"



**মোঃ তাজুল ইসলাম**
**চেয়ারম্যান**
বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন

"বিআরটিসির সকল কার্যক্রমে আধুনিকায়ন ও স্বচ্ছতা নিশ্চিত করা।"

# বিআরটিসির বিভিন্ন দিবস উদযাপন

## ০৫ আগষ্ট ২০২২ বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামালের ৭৩তম জন্মবার্ষিকী উদযপান

০৫ আগষ্ট ২০২২ বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামালের ৭৩তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে বিআরটিসির প্রধান কার্যালয়সহ সকল ডিপো ইউনিটে ব্যানার-ফেষ্টুন স্থাপন করা এবং মিলাদ মাহফিলের আয়োজন, কেক কাটা এবং বীর শহীদের প্রতি বিআরটিসির পক্ষ থেকে বিনম্র শ্রদ্ধা ও পুস্পস্তবক অর্পন করা হয়।

## ০৮ আগষ্ট ২০২২ বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব এঁর ৯২তম জন্মবার্ষিকী উদযপান

০৮ আগষ্ট ২০২২ বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব এঁর ৯২তম জন্মবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে বিআরটিসির প্রধান কার্যালয়সহ সকল ডিপো ইউনিটে ব্যানার-ফেষ্টুন স্থাপন করা হয়। বঙ্গমাতার বিদেহী আত্মার মাগফিরাতে মিলাদ মাহফিলের আয়োজন করা এবং বিআরটিসির পক্ষ থেকে বঙ্গমাতার স্মরণে বিনম্র শ্রদ্ধা ও পুস্পস্তবক অর্পন করা হয়।

## জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস-২০২২ উদযাপন

১৫ আগষ্ট ২০২২ স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস উদযাপন উপলক্ষ্যে বিআরটিসির প্রধান কার্যালয়সহ সকল ডিপো ইউনিটে ব্যানার-ফেষ্টুন স্থাপন করা। জাতির পিতার প্রতিকৃতিতে শ্রদ্ধাঞ্জলি পুস্পস্তবক অর্পণ, র‌্যালী, কোরআন খতম, আলোচনা সভা ও দোয়া মাহফিল আলোচনা সভা ও দোয়া মাহফিল আয়োজন করার মাধ্যমে অনুষ্ঠানটি সফলভাবে সম্পন্ন করা হয়।

## মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এঁর ৭৬তম জন্মদিন উদযাপন

২৮ সেপ্টেম্বর ২০২২ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এঁর ৭৬তম জন্মদিন উদযাপন উপলক্ষ্যে বিআরটিসির সকল ডিপো ইউনিটে ব্যানার-ফেষ্টুন স্থাপন, জন্মদিনের কেক কাটা, আনন্দ র‌্যালী ও মিলাদ মাহফিলের মাধ্যমে দিবসটি পালিত হয়।

# বিআরটিসির সকল চালকদের বিশেষজ্ঞ ব্যক্তির মাধ্যমে সচেতনতামূলক প্রশিক্ষণ প্রদান

বিআরটিসি'র বাসগুলো ডিপোর নিয়ন্ত্রণে রুটে পরিচলাকালীন সময়ে চালকদের অসচেতনতা, অবহেলার কারণে প্রায়শই দূর্ঘটনায় পতিত হচ্ছে। এতে একদিকে যেমন যানমালের ক্ষতি হচ্ছে অন্যদিকে বিআরটিসির সুনাম ক্ষুন্ন হচ্ছে। বিআরটিসির সম্মানিত চেয়ারম্যান মহোদয়ের নির্দেশনা মোতাবেক দূর্ঘটনা রোধকল্পে ও সড়কে শৃঙ্খলা জোরদারকরণের নিমিত্ত ডিপোর চালকদের'কে নিয়ে বিভিন্ন প্রতিষ্ঠান হতে মাসে অন্তত ০১ (এক) বার প্রশিক্ষণ নিতে হবে। নিম্নোক্ত তারিখ মোতাবেক বিআরটিসির সকল ইউনিটে বর্ণিত প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্ন করা হয়। প্রশিক্ষণ চলাকালীন সময়ে অপারেশন বিভাগের একজন কর্মকর্তা Zoom Apps এর মাধ্যমে অন লাইনে সংযুক্ত থেকে প্রশিক্ষণের সার্বিক বিষয় পর্যবেক্ষণ করেন।

| ক্র: নং | ডিপোর নাম | তারিখ | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | মিরপুর বাস ডিপো | ০১/০৯/২০২২ | |
| ২ | কল্যাণপুর বাস ডিপো | ০৩/০৯/২০২২ | |
| ৩ | মতিঝিল বাস ডিপো | ০৪/০৯/২০২২ | |
| ৪ | জোয়ারসাহারা বাস ডিপো | ০৫/০৯/২০২২ | |
| ৫ | মোহাম্মদপুর বাস ডিপো | ০৬/০৯/২০২২ | |
| ৬ | গাবতলী বাস ডিপো | ০৭/০৯/২০২২ | |
| ৭ | নারায়ণগঞ্জ বাস ডিপো | ০৮/০৯/২০২২ | |
| ৮ | গাজীপুর বাস ডিপো<br>ট্রেনিং ইনস্টিটিউট, গাজীপুর | ১০/০৯/২০২২ | |
| ৯ | নরসিংদী বাস ডিপো | ১১/০৯/২০২২ | |
| ১০ | চট্টগ্রাম বাস ডিপো | ১২/০৯/২০২২ | |
| ১১ | কুমিল্লা বাস ডিপো | ১৩/০৯/২০২২ | |
| ১২ | বরিশাল বাস ডিপো | ১৪/০৯/২০২২ | |
| ১৩ | খুলনা বাস ডিপো | ১৫/০৯/২০২২ | |

| ক্র: নং | ডিপোর নাম | তারিখ | মন্তব্য |
|---|---|---|---|
| ১৪ | বগুড়া বাস ডিপো | ১৭/০৯/২০২২ | |
| ১৫ | রংপুর বাস ডিপো | ১৮/০৯/২০২২ | |
| ১৬ | পাবনা বাস ডিপো | ১৯/০৯/২০২২ | |
| ১৭ | সিলেট বাস ডিপো | ২০/০৯/২০২২ | |
| ১৮ | সোনাপুর বাস ডিপো | ২১/০৯/২০২২ | |
| ১৯ | দিনাজপুর বাস ডিপো | ২২/০৯/২০২২ | |
| ২০ | যাত্রাবাড়ী বাস ডিপো | ২৪/০৯/২০২২ | |
| ২১ | ময়মনসিংহ বাস ডিপো | ২৫/০৯/২০২২ | |
| ২২ | টুঙ্গিপাড়া বাস ডিপো<br>ট্রেনিং ইনস্টিটিউট, টুঙ্গিপাড়া | ২৬/০৯/২০২২ | |
| ২৩ | ঢাকা ট্রাক ডিপো<br>ট্রেনিং ইনস্টিটিউট, তেজগাঁও | ২৭/০৯/২০২২ | |
| ২৪ | চট্টগ্রাম ট্রাক ডিপো | ২৮/০৯/২০২২ | |
| ২৫ | ট্রেনিং ইনস্টিটিউট, ঝিনাইদহ | ২৯/০৯/২০২২ | |

## ২০২১-২২ অর্থ বছরে বিআরটিসি'র অর্জন

সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ও সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সম্মানিত সচিব মহোদয়ের প্রত্যক্ষ দিকনির্দেশনায় বিআরটিসিকে একটি লাভজনক প্রতিষ্ঠানে পরিণত হয়েছে। আধুনিক পরিবহন সেবা ও ডিজিটাল বিআরটিসি গড়ার লক্ষ্যে জনাব মোঃ তাজুল ইসলাম, চেয়ারম্যান, বিআরটিসি এর অবদান অনস্বীকার্য। কর্পোরেশনের আয় বৃদ্ধি, ব্যয় সংকোচন ও যাত্রী সেবার মান উন্নয়ন, এই ব্রত নিয়ে কর্পোরেশনের মাননীয় চেয়ারম্যান মহোদয়ের গৃহীত কার্যক্রমসমূহ নিম্নে উপস্থাপন করা হলোঃ

- ❖ ডিপো/ইউনিটের সকল কর্মচারীদের বেতন-ভাতা নিজস্ব আয় হতে একযোগে প্রতিমাসের ০১ তারিখের মধ্যে পরিশোধ করা হচ্ছে;
- ❖ নিজস্ব অর্থায়নে কর্পোরেশনের অবসর প্রাপ্ত ৪৩৪জন কর্মকর্তা/কর্মচারীকে গ্র্যাচুইটি, সিপিএফ ও ছুটি নগদায়ন বাবদ জুলাই/২২ মাসে ৫ কোটি ৫২ লক্ষ টাকা অনলাইনে পরিশোধ করা হয়েছে;
- ❖ বিভিন্ন পদে ৫৪৪ জন কর্মকর্তা/কর্মচারী নিয়োগ দেওয়া হয়েছে। এছাড়াও স্টোরম্যান পদের চূড়ান্ত ফলাফল কার্যক্রম চলমান এবং পিওএল সহকারী ২৮জন, পরিচ্ছন্নতা কর্মি ১০জন ও সহকারী প্রশাসনিক কর্মকর্তা ৪জন ও ১০০জন চালক নিয়োগের লিখিত পরীক্ষার কার্যক্রম প্রক্রিয়াধীন;
- ❖ দীর্ঘ প্রায় ১২ বছর পর চালক-কন্ডাক্টরদের পদন্নোতি প্রদান করা হয়।
- ❖ বিভিন্ন ডিপো/ইউনিটের ৩১০টি পুরাতন জরাজীর্ণ বাস ভারী মেরামত করে বিআরটিসি'র গাড়ী বহরে সংযুক্ত করে রাজস্ব বৃদ্ধি করা হয়েছে;
- ❖ দীর্ঘ প্রায় ১০ বছর যাবত ডিপো/ইউনিটসমূহের মেরামতের অযোগ্য ১৮৭টি পুরাতন গাড়ী নিলামে বিক্রয় করা হয়;
- ❖ ঢাকাস্থ বিআরটিসি'র কেন্দ্রীয় মেরামত কারখানায় বিভিন্ন সরকারি প্রতিষ্ঠানের যানবাহন মেরামত করা হয়ে থাকে। ২০২১-২২ অর্থবছরে ৫১০০টি যানবাহন মেরামত করা হয়েছে;
- ❖ প্রধান কার্যালয়কে অত্যাধুনিক প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের থ্রিডি চিত্র, ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণ ও বিআরটিসি যানবাহনের চিত্র প্রদর্শনের মাধ্যমে সৌন্দর্যবৃদ্ধি ও দৃষ্টিনন্দন করা হয়েছে;
- ❖ কর্পোরেশনের প্রধান কার্যালয়ের বঙ্গবন্ধু কর্নার, লাইব্রেরী স্থাপনসহ ভবন আধুনিকায়ন করা হয়েছে;
- ❖ প্রধান কার্যালয়ের সভাকক্ষ ডিজিটাল, আধুনিকায়ন ও দৃষ্টিনন্দন করা হয়েছে;
- ❖ বিআরটিসির সকল ডিপো/ইউনিটে বঙ্গবন্ধু, মুক্তিযুদ্ধ বাংলাদেশ কর্নার স্থাপন, ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণ ও বিআরটিসি যানবাহনের চিত্র প্রদর্শনের মাধ্যমে সৌন্দর্যবৃদ্ধি, ভবন ও ফটক (গেইট) দৃষ্টিনন্দন করা হয়েছে;
- ❖ কর্পোরেশনের চালক, কন্ডাক্টর, কারিগর ও নিরাপত্তারক্ষীদেরকে নতুন পোশাক/ইউনিফর্ম প্রদান করা হয়েছে;
- ❖ ১৯১টি বাসে wifi সংযোগ চালু করা হয়েছে;
- ❖ প্রধান কার্যালয়সহ প্রতিটি ডিপো/ইউনিটে অডিট ফার্ম কর্তৃক অডিট কার্যক্রম সম্পন্ন করা সহ আভ্যন্তরীন অডিট জোরদার করা হয়েছে;
- ❖ ০৮ টি রুটে ই-টিকেটিং ও অনলাইন টিকিট ব্যবস্থা বিআরটিসি বাসে চালু করা হয়েছে;
- ❖ ছাত্র-ছাত্রীরা অর্ধেক ভাড়ায় বিআরটিসি'র বাসে নিয়মিত যাতায়াত করছে;
- ❖ ভারী মেরামতের জন্য গাজীপুর (ICWS) আইসিডব্লিউএস নতুন ভাবে চালু করা হয়েছে। উক্ত কারখানায় প্রতিমাসে স্বল্প খরচে মানসম্মত গাড়ীর ভারী মেরামত করা হচ্ছে;
- ❖ গাজীপুর পেট্রল পাম্প পুনরায় চালু করা হয়েছে। এর মাধ্যমে ব্যয় সাশ্রয় করা সম্ভব হচ্ছে;
- ❖ ঢাকা আন্তর্জাতিক বানিজ্য মেলা উপলক্ষ্যে বিভিন্ন ডিপো হতে জনসাধারনে চলাচলের জন্য প্রয়োজনীয় সংখ্যক বাস বরাদ্ধ দেওয়া হয়েছে;
- ❖ বাস রুট Rationalization কার্যক্রমের আওতায় (ঢাকা নগর পরিবহন) ঘাটারচর হতে কাচপুর পর্যন্ত ২১ নং রুটে ৩০টি বাস চালু করা হয়েছে এবং ২৬নং রুটে বিআরটিসি বাস এককভাবে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়েছে;
- ❖ ডিজেলের মূল্য প্রায় ৪২% বৃদ্ধির পরও বিআরটিসি পূর্বের ভাড়ায় বিসিআইসি এর সার দেশের বিভিন্ন প্রান্তে পরিবহন করা হয়েছে;
- ❖ বিআরটিসি ত্রৈমাসিক সমাচার নিয়মিত প্রকাশ করা হচ্ছে;
- ❖ পরিবহন পুল হতে ২৯টি ট্রেনিং বিভিন্ন প্রশিক্ষণ কার্যক্রমের জন্য বরাদ্ধ পাওয়া গেছে;
- ❖ কোরিয়া হতে ৩২০টি CNG বাস ক্রয় করা কার্যাক্রম প্রক্রিয়াধীন রয়েছে;
- ❖ বিআরটিসি'র বাসে যাত্রী পরিবহণ কার্যক্রম তদারকির জন্য ভিজিলেন্স টিম কার্যক্রম জোরদার করা হয়েছে;
- ❖ বিআরটিসি'র সকল চলমান বাস ডেন্টিং-পেইন্টিংসহ পরিস্কার পরিচ্ছন্ন ও দৃষ্টিনন্দন করা হয়েছে। উক্ত কার্যক্রম প্রতিনিয়ত Monitoring করা হচ্ছে;
- ❖ বিআরটিসি'র সকল ডিপোতে র‌্যাম্প নির্মাণ করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। ইতোমধ্যে অধিক সংখ্যক ডিপোর র‌্যাম্প নির্মাণ কার্যক্রম সম্পন্ন করা হয়েছে;
- ❖ বিআরটিসি'র ডিপো/ইউনিটে ইয়ার্ড ও ড্রাইভিং ট্র্যাক নির্মাণ করা হয়েছে।
- ❖ বিআরটিসি'র নিজস্ব ব্যবস্থাপনায় সকল বাস ও ট্রাকে VTS চালু করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে;
- ❖ ৬টি রুটে **"আমাদের বিআরটিসি"** মোবাইল এ্যাপ চালু করা হয়েছে। এই এ্যাপসের মাধ্যমে বিআরটিসি বাসের রুট, সময়সূচি ও নির্দিষ্ট অবস্থান সম্পর্কে যাত্রীসাধারণ জানতে পারছে;
- ❖ বিআরটিসির অবসরপ্রাপ্ত কর্মকর্তা-কর্মচারীগণের গ্র্যাচুইটি প্রদানের জন্য **BRTC GF** এ্যাপস চালু করা হয়েছে;
- ❖ **ড্রাইভিং প্রশিক্ষণে ভর্তি প্রক্রিয়া ডিজিটালাইজেশন ও অনলাইন করা হয়েছে;**
- ❖ পদ্মা সেতু উদ্বোধনের প্রেক্ষিতে রাজধানী ঢাকার সাথে দক্ষিণবঙ্গের যোগাযোগের সুবিধার্থে ২১টি জেলার ২৩টি রুটে ৬০টি বাস সার্ভিস চালু করা হয়েছে এবং জনদুর্ভোগ নিরসণে ২৬.০৬.২০২২ তারিখ ফুলবাড়িয়াস্থ সিবিএস-২ এ ডিজিটাল কাউন্টার স্থাপন করা হয়;
- ❖ ড্রাইভিং প্রশিক্ষণ কার্যক্রম জোরদার করার লক্ষ্যে বাংলাদেশ আনসার, জয়িতা ফাউন্ডেশন, মহিলা বিষয়ক অধিদপ্তর, নায়েম, বিবিএ ও পদ্মা সেতুর প্রকল্পের ক্ষতিগ্রস্থদের ড্রাইভিং প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে;
- ❖ নোয়াখালী জেলায় একটি প্রশিক্ষন কেন্দ্র চালু করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে যার প্রশাসনিক অনুমোদনের জন্য মন্ত্রণালয় প্রেরণ করা হয়েছে;
- ❖ ২৬ তম আন্তর্জাতিক বানিজ্য মেলা উপলক্ষে, শেওড়াপাড়া, কুড়িল বিশ্বরোড টু আন্তর্জাতিক বানিজ্য মেলা পর্যন্ত বিআরটিসি শাটল বাস সার্ভিস এর শুভ উদ্বোধন ও সফলভাবে সম্পন্ন করেন;
- ❖ সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ কর্তৃক ২০২১-২২ অর্থ বছরে দপ্তর/সংস্থার প্রধান হিসেবে চেয়ারম্যান, বিআরটিসিকে শুদ্ধাচার পুরস্কার প্রদান করা হয়।

## সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মহোদয় দিকনির্দেশনা ও মতবিনিময় সভা করেন

সড়ক পরিহন ও সেতু মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব ওবায়দুল কাদের, এমপি বিআরটিসি কর্মকর্তা-কর্মচারীদের উদ্দেশ্যে ও দিকনির্দেশনামূলক মতবিনিময় সভা করেন। এ সময়ে বিআরটিসির চেয়ারম্যান মহোদয় জনাব মোঃ তাজুল ইসলামসহ বিআরটিসির উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।





## পবিত্র ঈদুল আযহা উপলক্ষ্যে সম্মানিত সচিব বিআরটিসি ডিপো পরিদর্শন করেন

বিআরটিসি ঈদ সার্ভিস কার্যক্রম ০৭/০৭/২০২২ তারিখ পবিত্র ঈদুল আযহা উপলক্ষ্যে ঘরমুখো মানুষের যাতায়াতের জন্য বিআরটিসি মতিঝিল আন্তর্জাতিক বাস ডিপোর আন্তঃজেলা বাস কাউন্টারে যাত্রী সেবা কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করেন এবং ঈদ উল আযহা উপলক্ষ্যে করণীয় সম্পর্কে দিকনির্দেশনা প্রদান করেন সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সম্মানিত সচিব জনাব এ বি এম আমিন উল্লাহ নুরী মহোদয়। বিআরটিসির চেয়ারম্যান জনাব মোঃ তাজুল ইসলামসহ বিআরটিসির উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।





## ডিপোর কর্মকর্তা ও কর্মচারীদের প্রাথমিক চিকিৎসার জন্য মেডিকেল সরঞ্জাম সংগ্রহ ও চিকিৎসা সেবা প্রদান





বিআরটিসির সম্মানিত চেয়ারম্যান মহোদয়ের জরুরী নির্দেশনা মোতাবেক সকল ডিপোর কর্মকর্তা ও কর্মচারীদের প্রাথমিক চিকিৎসার জন্য মেডিকেল সরঞ্জাম যেমন প্রেশার মাপার মেশিন, ডায়াবেটিকস মাপার মেশিন, ওজন মাপার মেশিনসহ অন্যান্য সরঞ্জাম ক্রয় করা হয়। উক্ত নির্দেশনার আলোকে বিআরটিসির সকল ডিপোতে বর্ণিত মেডিকেল সরঞ্জামাদি ক্রয় করে ডিপোর কর্মকর্তা-কর্মচারীদের প্রাথমিক চিকিৎসা সেবা দেওয়া হচ্ছে।

# আলোকচিত্রে বিআরটিসি




জনাব মোসলেহ উদ্দীন, মাননীয় এমপি, চট্টগ্রাম-৮, ০৮/০৯/২০২২ তারিখে মিলিটারি পুল হতে টাইগারপাস রুটে দুইটি টাটা গাড়ীর শুভ উদ্বোধন করেন।




বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব এর ৯২ তম জন্মবার্ষিকীতে শ্রদ্ধাঞ্জলি ও পুস্পস্তবক অর্পন করেন সম্মানিত সচিব সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ ও বিআরটিসির সম্মানিত চেয়ারম্যান জনাব মোঃ তাজুল ইসলাম।



স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৪৭তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষ্যে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের নির্দেশনা মোতাবেক ১৫ আগস্ট ২০২২ তারিখে রক্তদান কর্মসূচীতে বিআরটিসির ১০ জন কর্মকর্তা রক্ত দান করেন।




জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭ তম শাহাদাত বার্ষিকী উপলক্ষে দোয়া মাহফিল ও আলোচনা সভা প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেসমিন সুলতানা পারু, বিআরটিসি পরিচালনা পর্ষদ সদস্য, চট্টগ্রাম বিভাগ।




জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭ তম শাহাদাত বার্ষিকী উপলক্ষে দোয়া মাহফিল ও আলোচনা সভা প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বীর মুক্তিযোদ্ধা মাসুক উদ্দিন আহমদ, বিআরটিসি পরিচালনা পর্ষদ সদস্য, সিলেট বিভাগ।




জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭ তম শাহাদাত বার্ষিকী উপলক্ষে র‍্যালী, দোয়া মাহফিল ও আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব আবুল কালাম আজাদ, বিআরটিসি পরিচালনা পর্ষদ সদস্য, বরিশাল বিভাগ।

# আলোকচিত্রে বিআরটিসি



জনাব জাকিয়া সুলতানা, সচিব, শিল্প মন্ত্রণায়ল এর সাথে বিআরটিসির রাজস্ব ও কার্য পরিধি বৃদ্ধির লক্ষ্যে সৌজন্য স্বাক্ষাত করেন সম্মানিত চেয়ারম্যান জনাব মোঃ তাজুল ইসলাম।



২৫-০৯-২০২২ তারিখে নতুন নিয়োগকৃত ৩০০ কন্ডাক্টর (কাউন্টারম্যানদের) যোগদান ও মতবিনিম অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখেন বিআরটিসির সম্মানিত চেয়ারম্যান মহোদয়।




অবসরপ্রাপ্ত কর্মকর্তা-কর্মচারীদের গত ০২-১০-২০২২ তারিখে অনলাইন ব্যাংকিং এর মাধ্যমে সিপিএফ, গ্র্যাচুইটি ও ছুটি নগদায়নের অর্থ প্রদান করেন বিআরটিসি সম্মানিত চেয়ারম্যান জনাব মোঃ তাজুল ইসলাম।



পদ্মাসেতু প্রকল্পে ক্ষতিগ্রস্থদের পূর্ণর্বাসন উপলক্ষে মোটরযান ড্রাইভিং ও গাড়ি রক্ষণাবেক্ষণ প্রশিক্ষণ (৫ম রাউন্ড)'র সনদপত্র বিতরণ অনুষ্ঠান ভিডিও কনফারেন্স-এ প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিআরটিসির সম্মানিত চেয়ারম্যান মহোদয় জনাব মোঃ তাজুল ইসলাম স্যার।




বাংলাদেশের নারী ফুটবলাররা সাফ উইমেন্স চ্যাম্পিয়নশীপ ২০২২- এ জয়ী হওয়ায় তাঁদের অভ্যর্থনার জন্য মাত্র ১দিনের মধ্যে ছাদখোলা বাসের ব্যবস্থা করেছে বাংলাদেশ সড়ক পরিবহন করপোরেশন (বিআরটিসি)।




বিআরটিসি ট্রাক ডিপো ঢাকায় ৩য় তলা বিশিষ্ট বায়তুল মা'মুর জামে মসজিদের ভিত্তিপ্রস্থ স্থাপনসহ প্রশাসন ও ট্রাফিক শাখার আধুনিক অফিস রুম পরিদর্শন করেন বিআরটিসির সম্মানিত চেয়ারম্যান মহোদয়।

# আলোকচিত্রে বিআরটিসি



কর্ণেল মোঃ জাহিদ হোসেন, পরিচালক (কারিগরি ও অপারেশন) মহোদয় বিআরটিসি বাস ডিপো বরিশাল পরিদর্শন করেন। উক্ত সময়ে তিনি ডিপোর উন্নয়নমূলক কর্মকান্ডসহ সার্বিক কার্যক্রম পরিদর্শন করেন।



জনাব বিষ্ণু কুমার সরকার পরিচালক (প্রশাসন) মহোদয় বিআরটিসি বাস ডিপো কুমিল্লা সারাদিনব্যাপী ডিপোর বিভিন্ন শাখার কর্মকান্ড, ডিপোর গাড়ীসহ বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম পরিদর্শন করেন।




বিআরটিসি বগুড়া বাস ডিপোতে ০৮ আগস্ট ২০২২ বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব এঁর ৯২তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে ব্যানার-ফেষ্টুন স্থাপন, র‌্যালী, বঙ্গমাতার স্মরণে বিনম্র শ্রদ্ধা ও পুস্পস্তবক অর্পন ও মিলাদ মাহফিলের মাধ্যমে দিবসটি উদযপান করা হয়।




দূর্ঘটনা রোধকল্পে ও সড়কে শৃঙ্খলা জোরদারকরনের নিমিত্ত রংপুর বাস ডিপোর চালকদেরকে সচেতনতামূলক প্রশিক্ষনে প্রশিক্ষক ছিলেন জনাব মোঃ আবুল কালাম আজাদ, অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার (ট্রাফিক) ও সভাপতিত্ব করেন জনাব মোঃ গোলাম ফারুক ইউনিট প্রধান রংপুর বাস ডিপো।



ডিটিসিএ, নগর ভবন, ঢাকা নগর পরিবহন ২৬ নং রুট এর মোটিভেশনাল প্রশিক্ষনে ম্যানেজার (অপাঃ) নারায়ণগঞ্জ বাস ডিপো, ম্যানেজার (অপাঃ) মিরপুর বাস ডিপোসহ কন্ডাক্টর (কাউন্টারম্যান) দলের অংশ গ্রহণ।



গত ১৩/০৭/২০২২ ইং তারিখে বিআরটিসি'র কারিগর জনাব মোঃ ওয়াসিলিন অকাল মৃত্যুবরণ করেন, ইন্না লিল্লাহি... ... রাজিউন। বিআরটিসির সম্মানিত চেয়ারম্যান মহোদয় কর্মচারীদের প্রতি তার নিরন্তন ভালবাসা ও উদারতার প্রমাণ স্মরূপ বিআরটিসির কল্যাণ তহবিল হতে দুই লক্ষ টাকা অনুদান প্রদান করেন।

## বাস ও ট্রাক সংক্রান্ত তথ্য

বাসের তথ্যঃ

| মাসের নাম | মোট বাসের সংখ্যা | সচল গাড়ীর সংখ্যা | | অযোগ্য ঘোষণার জন্য বিইআর (প্রস্তাবিত) গাড়ীর সংখ্যা | ভারী মেরামতাধীন (দীর্ঘ মেয়াদী লীজসহ) গাড়ীর সংখ্যা |
|---|---|---|---|---|---|
| | | নিজস্ব | দীর্ঘ মেয়াদী লীজ | | |
| জুলাই/২০২২ | ১৬০০ | ১২০৬ | ৩০ | ১০৫ | ২৫৯ |
| আগস্ট/২০২২ | ১৫৮২ | ১২০০ | ৩৯ | ৮৯ | ২৫৪ |
| সেপ্টেম্বর/২০২২ | ১৫৬৯ | ১২২৩ | ৩৯ | ২৩৭ | ৭০ |

ট্রাকের তথ্যঃ

| মাসের নাম | মোট ট্রাকের সংখ্যা | সচল ট্রাকের সংখ্যা | বিইআর (প্রস্তাবিত) ট্রাকের সংখ্যা | ভারী মেরামতাধীন ট্রাকের সংখ্যা |
|---|---|---|---|---|
| জুলাই/২০২২ | ৫৮৮ | ৫০৩ | ৮০ | ০৫ |
| আগস্ট/২০২২ | | ৫০২ | ৮০ | ০৬ |
| সেপ্টেম্বর/২০২২ | | ৫০৩ | ৫৬ | ৩০ |

## আয়-ব্যয় সংক্রান্ত তথ্য

বাসের আয়-ব্যয়ের তুলনামূলক বিবরণীঃ

| বিবরণ | জুলাই/২১ | জুলাই/২২ | আগস্ট/২১ | আগস্ট /২২ | সেপ্টেম্বর/২১ | সেপ্টেম্বর/২২ |
|---|---|---|---|---|---|---|
| আয় (লক্ষ টাকা) | ৯৬৮.০৭ | ৩২৯৭.১৯ | ১৬৫০.০১ | ৩৫৫৩.০২ | ২২২৮.৩৬ | ৩৪৯০.৬০ |
| ব্যয় (লক্ষ টাকা) | ৯৪২.৩৫ | ৩০৬৯.১৩ | ১৪৯৮.৫৯ | ৩৩১৮.১১ | ২১৩৯.৫৫ | ৩২০৮.৬৬ |
| অপারেটিং লাভ/ক্ষতি (লক্ষ টাকা) | ২৫.৭২ | ২২৮.০৬ | ১৫১.৪২ | ২৩৪.৯১ | ৮৮.৮১ | ২৮১.৯৪ |

ট্রাকের আয়-ব্যয়ের তুলনামূলক বিবরণীঃ

| বিবরণ | জুলাই/২১ | জুলাই/২২ | আগস্ট/২১ | আগস্ট /২২ | সেপ্টেম্বর/২১ | সেপ্টেম্বর/২২ |
|---|---|---|---|---|---|---|
| আয় (লক্ষ টাকা) | ৯৩৮.৫২ | ১২৮৫.০৮ | ১২১৭.৫০ | ১৪৫৩.১৯ | ১০৩৯.৮৭ | ১৪৬৬.৪৪ |
| ব্যয় (লক্ষ টাকা) | ৭৮৮.০৮ | ১১১৭.১৮ | ৯২৭.৪৬ | ১৪২০.৪৯ | ৮২৬.৪৬ | ১৩৩০.৫২ |
| অপারেটিং লাভ/ক্ষতি (লক্ষ টাকা) | ১৫০.৪৪ | ১৬৭.৯০ | ২৯০.০৪ | ৩২.৭০ | ২১৩.৪১ | ১৩৫.৯২ |

বিঃদ্রঃ জ্বালানী তেলের মূল্য বৃদ্ধি পাওয়ায় আগস্ট ও সেপ্টেম্বর ২০২২ মাসে আয় হ্রাস পেয়েছে।

## বিআরটিসির স্থাপনার জুলাই/২২ হতে আগস্ট/২২ পর্যন্ত মাসওয়ারী ভাড়া আদায়ের তথ্য

| মাসিক ভাড়া (লক্ষ টাকা) | ভাড়া আদায় (লক্ষ টাকা) | | | মন্তব্য |
|---|---|---|---|---|
| | জুলাই/২০২২ | আগস্ট/২০২২ | সেপ্টেম্বর/২০২২ | |
| ৭৩.১০ | ৮৮.৪৮ | ৯১.০৭ | ৭৯.৯০ | |

## সিপিএফ ও গ্র্যাচুইটি অর্থ প্রদান সংক্রান্ত তথ্য

গ্র্যাচুইটি ও সিপি ফান্ডের চূড়ান্ত পাওনা পরিশোধিত অর্থের বিবরণঃ

| বিবরণ | জুলাই/২০২২ | আগস্ট/২০২২ | সেপ্টেম্বর/২০২২ | মন্তব্য |
|---|---|---|---|---|
| গ্র্যাচুইটির প্রদানকৃত টাকা | ৩,২৯,০৫,৪৫৫.০০ | ৯,৭০,৩৩৩.৬০ | ২,৭৪,৬৬,৮০৬.০৬ | জুন/২২ মাসে অনুমোদন হয়, পরিশোধ করা হয় জুলাই/২২ এবং সেপ্টেম্বর/২২ মাসে অনুমোদন হয় পরিশোধ করা হবে অক্টোবর/২২ |
| সিপিএফ'র প্রদানকৃত টাকা | ২,০৩,১১,৭৯৮.৮৪ | ২,০০,০০০.০০ | ১,৭১,৫৯,০১৯.০০ | |

## সড়ক পরিবহন আইন ২০১৮ অনুযায়ী বিআরটিএর মামলার তথ্যাদি

| মাসের নাম | অভিযানকৃত বাস সংখ্যা | জরিমানাকৃত বাস সংখ্যা | জরিমানার পরিমাণ |
|---|---|---|---|
| জুলাই ২০২২ | ০৮ | ০ | ০ |
| আগস্ট ২০২২ | ০২ | ০২ | ৪,০০০/- |
| সেপ্টেম্বর ২০২২ | ০৫ | ০ | ০ |

## স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস উদযাপন






১৫ আগস্ট ২০২২ তারিখ বেলা- ১২.৩০ ঘটিকায় স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষ্যে বিআরটিসি প্রধান কার্যালয় সম্মুখে সম্মানিত চেয়ারম্যান জনাব মোঃ তাজুল ইসলাম এর নেতৃত্বে বিআরটিসির কর্মকর্তা-কর্মচারীগণ জাতির পিতার প্রতিকৃতিতে শ্রদ্ধাঞ্জলি পুষ্পস্তবক অর্পণ করেন। আলোচনা সভা ও দোয়া মাহফিলে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিআরটিসির সম্মানিত চেয়ারম্যান জনাব মোঃ তাজুল ইসলাম এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ সামীমুজ্জামান, যুগ্মসচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, পরিচালকবৃন্দ, জিএম ও ডিজিএমবৃন্দসহ ঢাকাস্থ ডিপো/ইউনিটের ইউনিট প্রধানগণ। বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধাঞ্জলি পুষ্পস্তবক অর্পণ, কোরআন খতম, আলোচনা সভা ও দোয়া মাহফিল আয়োজন করার মাধ্যমে অনুষ্ঠানটি সফলভাবে সমাপ্ত করেন।

## অগ্নিনির্বাপক সংক্রান্ত বিষয়ে প্রশিক্ষণ ও কর্মশালার আয়োজন

বিআরটিসি'র সকল ডিপোতে অগ্নিনির্বাপক সংক্রান্ত বিষয়ে প্রশিক্ষণ ও কর্মশালার আয়োজন করা হয়। ডিপোর কর্মকর্তা-কর্মচারীগণ প্রশিক্ষণ ও কর্মশালার অংশগ্রহণ করে প্রত্যক্ষ করেন। উক্ত অগ্নিনির্বাপক সংক্রান্ত প্রশিক্ষণে সার্বিক সহযোগীতায় ছিলেন ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স। এ সময়ে উপস্থিত ছিলেন ডিপোর ইউনিট প্রধানগণ।



## বিআরটিসি'র কর্মকর্তা-কর্মচারীদের শিক্ষা সহায়তা ও কল্যাণ তহবিল হতে আর্থিক অনুদান প্রদান

বিআরটিসির সম্মানিত চেয়ারম্যান জনাব মোঃ তাজুল ইসলাম ০৬ জুলাই ২০২২ তারিখে বিআরটিসি'র সম্মেলন কক্ষ ও অনলাইনে বিআরটিসি'র কর্মকর্তা-কর্মাচারীদের শিক্ষা সহায়তা তহবিল নির্দেশিকার আলোকে ৪ লক্ষ ৮৩ হাজার টাকা এবং কল্যাণ তহবিল নীতিমালা ২০২২ এর আলোকে ১৫ লক্ষ ৭০ হাজার টাকা আর্থিক অনুদান প্রদান করেন। অনুষ্ঠানে বিআরটিসির উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।




## বিআরটিসির কর্মকর্তা কর্মচারীগণ সিপি ফান্ড হতে ঋণ গ্রহণ সংক্রান্ত

বিআরটিসির সম্মানিত চেয়ারম্যান জনাব মোঃ তাজুল ইসলাম স্যারের নির্দেশনায় বিআরটিসির সকল কর্মকর্তা/কর্মচারীদের দুরারোগ্য ব্যাধি, জটিল অপারেশন, মেয়ের বিবাহসহ অন্যান্য গুরুতর বিষয়ের জন্য সিপি ফান্ড হতে কর্মকর্তা কর্মচারীদের ঋণ প্রদানের অনুমোদন দিয়েছেন।

## অবসরপ্রাপ্ত কর্মকর্তা-কর্মচারীদের অনলাইন ব্যাংকিং এর মাধ্যমে চূড়ান্ত পাওনার অর্থ পরিশোধ

১৪৭ জনকে সিপিএফ বাবদ ১ কোটি ৭২ লক্ষ টাকা, ২১৩ জনকে গ্র্যাচুইটি বাবদ ২ কোটি ৭১ লক্ষ টাকা ও ১৬ জন কর্মকর্তা-কর্মচারীর ছুটি নগদায়ন বাবদ ১৯ লক্ষ ৮৯ হাজার টাকা বিআরটিসি সম্মানিত চেয়ারম্যান জনাব মোঃ তাজুল ইসলাম বিআরটিসির অবসরপ্রাপ্ত কর্মকর্তা-কর্মচারীদের ০২-১০-২০২২ তারিখে অনলাইন ব্যাংকিং এর মাধ্যমে প্রদান করেন।

## এ ২০২১-২০২২ অর্থ বছরে বিআরটিসি প্রথম স্থান অর্জন

সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মহোদয়ের নির্দেশনা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সম্মানিত সচিব স্যারের তত্ত্বাবধানে ও বিআরটিসির সম্মানিত চেয়ারম্যান জনাব মোঃ তাজুল ইসলাম স্যারের নেতৃত্বে ও অক্লান্ত পরিশ্রমের এক বিশাল অর্জন হচ্ছে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সকল দপ্তর সংস্থার মধ্যে এপিএ ২০২১-২০২২ অর্থ বছরে বিআরটিসি প্রথম হওয়া। বিআরটিসির সম্মানিত চেয়ারম্যান জনাব মোঃ তাজুল ইসলাম স্যারের সততা, দক্ষতা ও মেধাবী কর্মকান্ডের জন্য ২০২১-২০২২ অর্থ বছরে শুদ্ধাচার পুরস্কার অর্জন করা সম্ভব হয়েছে যা অত্যন্ত গৌরব ও আনন্দের বিষয়।

## চেয়ারম্যান, বিআরটিসি'র শুদ্ধাচার পুরস্কার প্রাপ্তি



শুদ্ধাচার নীতিমালা ২০২১ অনুযায়ী ২০২১-২২ অর্থ বছরের পুরস্কার প্রদানের জন্য বিআরটিসি'র চেয়ারম্যানকে নির্বাচন করা হয়। সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সম্মানিত সচিব জনাব মোঃ নজরুল ইসলাম বিআরটিসি চেয়ারম্যান জানাব মোঃ তাজুল ইসলাম (অতিরিক্ত সচিব) কে শুদ্ধাচার পুরস্কার প্রদান করেন।

## বঙ্গবন্ধু জনপ্রশাসন পদক ২০২২- এ বিআরটিসি

বিআরটিসির সেবা সহজীকরণ এবং বিভিন্ন উদ্ভাবনী উদ্যোগের জন্য বঙ্গবন্ধু জনপ্রশাসন পদক ২০২২ প্রদানে লক্ষ্যে বিআরটিসির আবেদন ২৩/০৫/২০২২ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২জন প্রতিনিধি প্রেরণ করতঃ যাচাই-বাছাই করা হয়। পরবর্তীতে মন্ত্রিপরিষদ বিভাগ ও জনপ্রশাসন মন্ত্রণালয়ের বাছাই কমিটি ২৪ আগস্ট ২০২২ তারিখে বঙ্গবন্ধু জনপ্রশাসন পদক ২০২২ প্রদানের সুপারিশসহ জাতীয় কমিটি বরাবর বিআরটিসির আবেদন প্রেরণ করা হয়েছে।

## সাফ ইউম্যান্স চ্যাম্পিয়শীপ ২০২২ এ বিজয়ী বাংলাদেশ নারী ফুটবল দলকে বিআরটিসির অভ্যর্থনা

নেপালে ইতিহাস গড়েছেন বাংলার নারী ফুটবলাররা। গর্বিত করেছেন জাতিকে, ভাসিয়েছেন আনন্দে। আজ দেশে ফিরছেন সেই বীর ফুটবলাররা। তাঁদের এই ঘরে ফেরা রাঙাতে প্রস্তুতি নিচ্ছে সরকার, দেশের মানুষ। তাঁদের অভ্যর্থনার জন্য মাত্র ১দিনের মধ্যে ছাদখোলা বাসের ব্যবস্থা করছে সরকারের পরিবহন সংস্থা বাংলাদেশ সড়ক পরিবহন করপোরেশন (বিআরটিসি)।

বিআরটিসির সম্মানিত চেয়ারম্যান মোঃ তাজুল ইসলাম স্যার প্রথম আলোকে বলেন, 'নারী ফুটবল দল জাতিকে একটা বড় উপহার দিয়েছে। জাতি তাদের কাছে কৃতজ্ঞ। আমরা তাদের উদ্‌যাপনে সঙ্গী হতে পেরে গর্বিত। সূত্র- প্রথম আলো

বিআরটিসি পরিবার তাদের উদযাপনের সঙ্গী হতে পেরে গর্বিত। বিআরটিসির সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারীদের অক্লান্ত পরিশ্রমে অত্যন্ত দ্রুততম সময়ে এমন মহতি উদ্যোগ তথা বাসটি প্রস্তুত করা সম্ভব হয়েছে।

